গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.ssd.gov.bd

নম্বর- ৫৮.০০.০০০০.০১২.০৮.০০২.১৯-৭৫৮

তারিখ ঃ ২৮ কার্তিক ১৪২৬
১৩ নভেম্বর ২০১৯

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা
সিজিএ ভবন, ঢাকা।

বিষয়ঃ অনুমোদিত অবস্থানকালের অতিরিক্ত সময় সরকারি কাজে ব্যয়িত হওয়ার প্রেক্ষিতে ঘটনাত্তোর অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের আওতাধীন 'বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন' প্রকল্পের ই-পাসপোর্ট চালুকরণের লক্ষ্যে Jungheinrich fork lifts and trolleys সরঞ্জামাদির PSI (Pre Shipment Inspection) সম্পন্নকরণের জন্য এ বিভাগের প্রশাসন-১ শাখার ২৪-০৯-২০১৯ তারিখের ৬১১ নং স্মারকমূলে ০৫ (পাঁচ) দিনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের অনুকূলে জার্মানি ভ্রমণের সরকারি আদেশ (জিও) জারি করা হয়:

ক্রম	কর্মকর্তার নাম ও পদবি	কর্মস্থল
১.	সৈয়দ বেলাল হোসেন, অতিরিক্ত সচিব	সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২.	লেঃ কমান্ডার মোহাম্মদ হাসান মহসীন রেজা মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার	ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৩.	জনাব এ কে এম মাজহারুল ইসলাম উপ-প্রকল্প পরিচালক	বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প, ঢাকা

০২। পরবর্তীতে জার্মানির হামবুর্গ শহরে উপরে বর্ণিত সরঞ্জামাদির PSI (Pre Shipment Inspection) সম্পন্ন করে মিউনিক শহরে নতুন আরও একটি সরঞ্জামাদি Mantrap এর PSI (Pre Shipment Inspection) সম্পন্ন করতে অনুমোদিত উক্ত সময়ের অতিরিক্ত ০২ (দুই) দিন সরকারি কাজে ব্যয়িত হওয়ায় ১৪-২০ অক্টোবর, ২০১৯ তারিখ পর্যন্ত মোট ০৭ (সাত) দিনের নিম্নরূপ শর্তে জার্মানি ভ্রমণের ঘটনাত্তোর অনুমোদনপূর্বক নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

(ক) উক্ত ভ্রমণের বিধি মোতাবেক প্রাপ্য ভাতাদি 'বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন' প্রকল্পের চলতি ২০১৯-২০ অর্থবছরের বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা হবে;
(খ) বিদেশে অবস্থানকাল (যাতায়াত ও ট্রানজিট সময়সহ) কর্তব্যকাল হিসেবে গণ্য হবে; এবং
(গ) উক্ত ভ্রমণের জন্য বেতন-ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৩/১১/১৯

(মোঃ আলতাফ হোসেন)
উপসচিব
ফোনঃ ০২-৪৭১২৪৩৩৭
admin1@ssd.gov.bd

নম্বর- ৫৮.০০.০০০০.০১২.০৮.০০২.১৯-৭৫৮/২(৭)

তারিখ ঃ ২৮ কার্তিক ১৪২৬
১৩ নভেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২. সৈয়দ বেলাল হোসেন, অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৩. সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৪. লেঃ কমান্ডার মোহাম্মদ হাসান মহসীন রেজা, মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৫. জনাব এ কে এম মাজহারুল ইসলাম, উপ-প্রকল্প পরিচালক 'বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন' প্রকল্প, ঢাকা
৬. প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৭. অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন)/যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৩/১১/১৯

(মোঃ আলতাফ হোসেন)
উপসচিব